



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/4/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো নভেল করোনাভাইরাসের ব্যাপারে সাম্প্রতিকতম তথ্য দিয়েছেন

*নিউ ইয়র্কে কোনও নিশ্চিত ঘটনা নেই*

*11টি পরীক্ষা নেতিবাচক হিসেবে প্রত্যাবর্তন করেছে সাথে ছয়টি এখনো অনিশ্চিত*

*ভ্রমণ ও উপসর্গ নিয়ে প্রশ্ন বা উদ্বেগসম্পর্কে কথা বলতে 1-888-364-3065 ফোন করতে পারেন  
নিউ ইয়র্কবাসীরা*

*রাজ্য স্বাস্থ্য অধিদপ্তরের (State Health Department) ওয়েবসাইট - [NY.Gov/Coronavirus](http://NY.Gov/Coronavirus) - নিউ  
ইয়র্কবাসীদের জন্য করোনাভাইরাসের সর্বশেষ তথ্য এবং স্বাস্থ্যসেবা সরবরাহকারীদের জন্য  
নির্দেশনা সরবরাহ করে*

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ নিউইয়র্ক স্টেটে নভেল করোনাভাইরাস-এর পরীক্ষার পরিস্থিতি সম্পর্কে আপডেট ঘোষণা করেছেন। আজ পর্যন্ত নিউ ইয়র্কবাসীদের 12টি নমুনা পাঠানো হয়েছে সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনে (Centers for Disease Control and Prevention, CDC) পরীক্ষার জন্য। তার মধ্যে 11টি নেগেটিভ পাওয়া গেছে। নিউ ইয়র্ক সিটির তিনটি নমুনা এবং নিউ ইয়র্ক সিটির বাইরে নিউ ইয়র্ক রাজ্যের তিনটি নমুনা অমীমাংসিত, মোট অনিশ্চিত নমুনা ছয়টি। নিউ ইয়র্ক রাজ্যে এখনো কোনও নিশ্চিত নভেল করোনাভাইরাসের ঘটনা নেই।

গভর্নর কুওমো রবিবার ঘোষণা করার সাথে সাথে, নিউ ইয়র্কবাসীদের ফোন করার জন্য একটি হটলাইন স্থাপন করা হয়েছে **1-888-364-3065** যেখানে স্বাস্থ্য অধিদপ্তরের বিশেষজ্ঞরা নভেল করোনাভাইরাস সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে পারেন। স্বাস্থ্য অধিদপ্তর আরো তৈরি করেছে একটি [নিবেদিত ওয়েবসাইট](#) নিউ ইয়র্কবাসীদের জন্য একটি সংস্থান হিসাবে।

"যদিও নিউ ইয়র্ক রাজ্যে নভেল করোনাভাইরাসের কোনও নিশ্চিত ঘটনা পাওয়া যায় নি, তবুও আমরা সমস্ত নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য এবং সুরক্ষা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় প্রতিটি সতর্কতা অব্যাহত রেখেছি," **গভর্নর কুওমো বলেন।** "যদিও নিউ ইয়র্কবাসীর জন্য ঝুঁকি এখনও কম, আমরা সবাইকে সচেতন থাকার, অবহিত থাকার, নিজেদের এবং তাদের পরিবারকে রক্ষার জন্য

প্রস্তাবিত পদক্ষেপগুলি অনুসরণ করার এবং আপনার যদি এখনও প্রশ্ন বা উদ্বেগ থাকে তবে আমাদের করোনাভাইরাস হটলাইনে কল করার আহ্বান জানাই।"

স্বাস্থ্য বিভাগ প্রস্তুতি নির্দেশনা প্রদান করে চলেছে নিউ ইয়র্ক হেলথ কেয়ার ফ্যাসিলিটিস এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলিতে এবং ঘনিষ্ঠভাবে কাজ করছে পোর্ট অথোরিটি অফ নিউ ইয়র্ক এ্যান্ড নিউ জার্সির (Port Authority of New York and New Jersey) সাথে চীন থেকে আগত ভ্রমণকারীদের সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল এ্যান্ড প্রিভেনশনের (CDC) নেতৃত্বাধীন বিমানবন্দরের প্রবেশ প্রোটোকল মেনে চলতে -- যা রবিবার সন্ধ্যায় কার্যকর হয়েছিল।

**নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন,** "এই পরিস্থিতির ক্রমবর্ধন অব্যাহত থাকায়, সমস্ত নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য সুরক্ষার জন্য রাজ্য স্বাস্থ্য বিভাগ আমাদের কেন্দ্রীয় সরকার, রাজ্য এবং স্থানীয় অংশীদারদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগে রেখেছে। ক্লু থেকে নিজেকে রক্ষা করার জন্য যেমনভাবে তাদের উচিত ঠিক তেমন সাবধানতা অবলম্বন করা, এবং আমাদের এই জনস্বাস্থ্যের সমস্যাটি মোকাবিলায় প্রস্তুত থাকার আত্মবিশ্বাস থাকাও গুরুত্বপূর্ণ।"

*এই নভেল করোভাইরাসের উপসর্গের অন্তর্ভুক্ত হতে পারে:*

- কাশি
- গলা ব্যথা
- জ্বর

এই নভেল করোভাইরাসের জন্য বর্তমানে কোন টিকা না থাকলেও, প্রাতিফিক রক্ষণাঙ্ক পদক্ষেপ এটি এবং অন্যান্য শ্বসন সংক্রান্ত ভাইরাস ছড়িয়ে পড়া বন্ধ করতে পারে, যার মধ্যে রয়েছে:

- অন্তত 20 সেকেন্ডের জন্য সাবান এবং জল দিয়ে প্রায়ই হাত ধোবেন। যদি সাবান এবং জল না পাওয়া যায়, তাহলে অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।
- চোখ, নাক, মুখ না-ধোয়া হাত দিয়ে ছোঁবেন না।
- অসুস্থ ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ এড়িয়ে চলুন।
- অসুস্থ হলে বাড়িতে থাকুন।
- আপনার কাশি বা হাঁচি টিস্যু দিয়ে ঢাকুন, তারপর টিস্যুটি আবর্জনায় ফেলে দিন।
- প্রায়শই স্পর্শ করা হয় এমন বস্তু এবং পৃষ্ঠতল পরিষ্কার এবং জীবাণুমুক্ত রাখুন।

যে সকল ব্যক্তি উপসর্গ অনুভব করছেন এবং হয়তো উদ্বেগের এলাকায় ভ্রমণ করেছেন, অথবা কারো সংস্পর্শে এসেছেন যিনি সমুদ্রে যাত্রা করেছেন, তাদের উচিত তাদের স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে আগে কল করা তাদের কাছে চিকিৎসার জন্য উপস্থিত হওয়ার আগে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)